



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪



ফোন: ০১৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাইল: ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.v

প্রেস রিলিজ

দক্ষিণাঞ্চলে সম্ভাবনার দ্বার উন্মোচন করবে পদ্মা সেতু

-প্রফেসর ড. আইনুন নিশাত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৯ জুন ২০২২ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে “পদ্মা সেতু এবং এর আর্থ-সামাজিক প্রভাব” শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স। ১৯ জুন ২০২২ তারিখ সকাল ৯.৩০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ কনফারেন্সটি অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদ কর্তৃক আয়োজিত এ আন্তর্জাতিক কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রাক বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক এবং পানি সম্পদ ও জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ ড. আইনুন নিশাত। তিনি পদ্মা সেতুর নির্মান প্রক্রিয়ার সাথে শুরু থেকে যুক্ত থাকায় তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে পদ্মা সেতুর নির্মান পরিকল্পনা ও বাস্তবায়ন নিয়ে বক্তব্য রাখেন। এসময় প্রধান অতিথির বক্তব্যে ড. আইনুন নিশাত বলেন, পদ্মা সেতু দক্ষিণাঞ্চলে সম্ভাবনার দ্বার উন্মোচন করবে। দক্ষিণাঞ্চল হবে শিল্পসমূহ নগরী। যা দেশের অর্থনৈতিক বিস্তর প্রভাব ফেলবে। পদ্মা সেতুকে কেন্দ্র করে অর্থনৈতিক যুরে দাঢ়াবে বরিশালসহ সমগ্র দক্ষিণাঞ্চল। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তর্জাতিক এ কনফারেন্সে মুখ্য আলোচক হিসেবে অনলাইনে যুক্ত ছিলেন ভারতের জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের দক্ষিণ এশীয় গবেষণা কেন্দ্রের খ্যাতনামা অধ্যাপক ড. সঞ্জয় কে. ভরদ্বাজ। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন বলেন, পদ্মা সেতুর প্রভাবে দক্ষিণাঞ্চলের সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক এবং সামাজিক শিক্ষা ব্যবস্থায় অভূতপূর্ব উন্নয়ন সাধিত হবে। যা এ অঞ্চলের মানুষের জীবনযাত্রার মানকে উন্নতির দিকে ধাবিত করবে। আগামীতে দক্ষিণাঞ্চলে বরিশাল হবে অন্যতম বাণিজ্যিক ও শিল্পনগরী। এসময় তিনি নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মান করায় মানবীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ও পর্টন বিশেষজ্ঞ অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভুঁইয়া এবং একুশে পদকপ্রাপ্ত বিশিষ্ট সাংবাদিক ও কলামিষ্ট বীর মুক্তিযোদ্ধা অজয় দাশ গুপ্ত। কনফারেন্সে স্বাগত বক্তব্য রাখেন কনফারেন্স আয়োজক কমিটির আহবায়ক ও সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক অসীম কুমার নন্দী। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন বরিশাল রেঞ্জ ডিআইজি এস এম আক্তারজ্জামান। দিনব্যাপী আয়োজিত এ কনফারেন্সে পদ্মা সেতুর অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক দিক নিয়ে ২৩টি গবেষণা প্রবন্ধ উপস্থাপিত হয়। আন্তর্জাতিক এ কনফারেন্সে দেশ-বিদেশের বরেণ্য অধ্যাপক, গবেষক, সাংবাদিক, কলামিষ্টসহ বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক সিরাজিস সাদিক।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস